



স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৮০.১১.০০০১.২৩.৪৩৯

তারিখ: ৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের ০২টি শূন্য পদ (সিনিয়র গবেষণা কর্মকর্তা) পূরণের জন্য ছাড়পত্র প্রদান প্রসংগে।
সূত্র: বিকেএসপি'র স্মারক নং-৩৪.০৪.০০০০.০০০.০০১.১৮.০২২৮.১৫.১৫১৯, তারিখ: ১৮.০৮.২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের (বিকেএসপি) রাজস্বখাতভুক্ত (অস্থায়ী) সিনিয়র গবেষণা কর্মকর্তা (স্পোর্টস মেডিসিন ও এক্সারসাইজ ফিজিওলজি) এর ০২টি শূন্যপদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত ছক মোতাবেক যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো:

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড	শূন্য পদের সংখ্যা (সরাসরি পূরণযোগ্য)	ছাড়কৃত পদের সংখ্যা	পদের প্রকৃতি
০১.	সিনিয়র গবেষণা কর্মকর্তা (স্পোর্টস মেডিসিন ও এক্সারসাইজ ফিজিওলজি) ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড)	০২টি	০২ (এক) টি	রাজস্বখাত ভুক্ত অস্থায়ী পদ

শর্তাবলীঃ

ক) অর্গানোগ্রাম ও পদসৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী অনুমোদিত নিজস্ব নিয়োগবিধি এবং শূন্যপদ পূরণ সংক্রান্ত সরকারের অপরাপর যাবতীয় বিধি বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণপূর্বক মঞ্জুরীকৃত পদ সংখ্যারভিত্তিতে শূন্যপদ পূরণ করতে হবে, এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;

খ) উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোনো নিষেধাজ্ঞা থাকে, কোনো রীট/মামলা বিচারাধীন থাকে, কোনো মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে, এক্ষেত্রে মন্ত্রণালয়ের কোনো দায়-দায়িত্ব থাকবে না;

গ) শূন্য পদ প্রস্তাবের সংখ্যায় কোনো গরমিল থাকার কারণে কোনো পদে অতিরিক্ত লোক নিয়োগ পেলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে;


ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০/০৫/৯৯ তারিখের সম(এসপি)-৫৮/৯৯-২১০ নং পরিপত্রের ৩ (খ) অনুচ্ছেদ অনুযায়ী এ ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ০১ (এক) বছর। উক্ত পরিপত্রের ৩ (ঘ) অনুযায়ী ছাড়পত্রের মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ায় সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং উক্ত পরিপত্রের ৩ (গ) অনুযায়ী নির্দিষ্ট সময় সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;

ঙ) ছাড়কৃত পদগুলো পূরণ করার ক্ষেত্রে প্রচলিত নিয়োগ বিধি শূন্যপদ পূরণ সংক্রান্ত সরকারি অপরাপর যাবতীয় বিধি/বিধান আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে;

চ) ছাড়কৃত পদ পূরণের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নির্ধারিত ছকে শূন্য পদ পূরণ সংক্রান্ত তথ্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে অবহিতকরণের নিমিত্ত এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

ছ) উল্লেখ্য, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪ নভেম্বর ২০১০ তারিখের ১৩৫৬ (২৫০) নং স্মারকের পরিপত্র এবং ১৯ জানুয়ারি ২০২১ তারিখের ২২ নং স্মারকের পরিপত্রে বর্ণিত শর্তাদি যথাযথভাবে পালন করতে হবে এবং

ছ) ছাড়পত্রের মেয়াদ ০১ (এক) বছর পর্যন্ত বলবৎ থাকবে।



২১-০৯-২০২৬
মুঃ গোলাম মোস্তফা
উপসচিব

মহাপরিচালক


বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৮০.১১.০০০১.২৩.৪৩৯/১ (৫)

তারিখ: ৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



২১-০৯-২০২৬
মুঃ গোলাম মোস্তফা
উপসচিব